



সাদাপাথর লুটকাণ্ডে বিতর্কিত বিএনপি নেতা শাহাব উদ্দিন গ্রেপ্তার



সংগৃহীত ছবি

ভোলাগঞ্জ সাদাপাথর লুটপাট ও চাঁদাবাজির মামলায় কোম্পানীগঞ্জ উপজেলা বিএনপির স্থগিত সভাপতি শাহাব উদ্দিনকে সিলেট নগর থেকে গ্রেপ্তার করেছে র্যাব।

দলের পদ হারানো এই নেতার বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে।

ভোলাগঞ্জ পর্যটনকেন্দ্রে সাদাপাথর লুটপাট ও চাঁদাবাজির অভিযোগে কোম্পানীগঞ্জ উপজেলা বিএনপির স্থগিত সভাপতি শাহাব উদ্দিনকে গ্রেপ্তার করেছে র্যাব-৯। শনিবার (১৩ সেপ্টেম্বর) রাতে সিলেট নগরের কুমারপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। র্যাব-৯ এর মিডিয়া অফিসার অতিরিক্ত পুলিশ সুপার শহিদুল ইসলাম সোহাগ জানান, গত মাসে দায়ের করা মামলার ভিত্তিতে শাহাব উদ্দিনকে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে বিভিন্ন থানায় সাতটি মামলা রয়েছে। পরে তাকে সিলেট কোতোয়ালি থানায় হস্তান্তর করা হয়।

এর আগে ১১ আগস্ট রাতে শাহাব উদ্দিনের বিরুদ্ধে সাদাপাথর লুট ও চাঁদাবাজির অভিযোগ ওঠে। এ ঘটনার পর বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে তার সব পদ স্থগিত করা হয়। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, দলীয় নীতি ও আদর্শবিরোধী কর্মকাণ্ডের সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়। একই সঙ্গে সহসভাপতি হাজী আবদুল মান্নানকে ভারপ্রাপ্ত সভাপতি করা হয়।

এছাড়া, ৫ আগস্ট পরবর্তী সময়ে শাহাব উদ্দিনের বিরুদ্ধে সরকারি প্রায় ১৫০ একর জমি দখলের অভিযোগে জেলা বিএনপি কারণ দর্শানোর নোটিশ দিয়েছিল। অভিযোগ তদন্তে একটি তিন সদস্যের কমিটিও গঠন করা হয়। তবে বিতর্কিত কর্মকাণ্ড বন্ধ না হওয়ায় শেষ পর্যন্ত তিনি দলীয় পদ হারান এবং এখন গ্রেপ্তার হলেন।